

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Website: www.bteb.gov.bd

স্মারক নং- বাকাশিবো/প-২/৫৮৪(পার্ট-২)/২৪০২

তারিখ: ৩১-০৭-২০১৬ খ্রিঃ

## বিত্তপত্র

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন শিক্ষাক্রমের ২য় পর্ব নিয়মিত এবং ১ম, ২য় পর্বের অনিয়মিত/ অকৃতকার্য বিষয়ের পরীক্ষা আগামী ২২ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রোজ বৃহস্পতিবার হতে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/ -

(প্রকৌশলী সুনীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৯১১৩২৮৩

২য় পর্ব পরীক্ষায় নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীকে ২য় পর্বের নির্ধারিত বিষয়সমূহে পরীক্ষা দিতে হবে এবং ২য় পর্ব অনিয়মিত/পরিপূরক পরীক্ষার্থীর ১ম/২য় পর্বের কোন অকৃতকার্য বিষয় থাকলে সে বিষয়/বিষয়সমূহের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার এন্ট্রিফরম পূরণ ও ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

### ১। পরীক্ষার এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলীঃ

- ১.১ পরীক্ষার্থীদেরকে অত্যন্ত সাবধানতার সহিত নিজ নিজ এন্ট্রি ফরম পূরণ করতে হবে। এন্ট্রি ফরম বাংলায় পূরণ করতে হবে। সার্টিফিকেটে নামের সমতা রক্ষার্থে ফরমের নির্ধারিত স্থানে ইংরেজী অক্ষরে পরীক্ষার্থীর মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ নাম অবশ্যই অবিকল লিখতে হবে।
- ১.২ প্রত্যেক নিয়মিত পরীক্ষার্থী স্বীয় এন্ট্রি ফরমের ১২ অনুচ্ছেদের (ক) পংতিতে ২য় পর্বের সকল বিষয় এই কথটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করবে এবং যাদের অকৃতকার্য বিষয় আছে তারাও ১২ অনুচ্ছেদের (ক) পংতিতে অকৃতকার্য বিষয়/বিষয় সমূহের নাম লিপিবদ্ধ করবে।
- ১.৩ পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য প্রতিটি বিষয়ের নির্ধারিত লিখিত, ব্যবহারিক ও সেন্সাল/ধারাবাহিক অংশে ভিন্ন ভিন্ন ভাবে পাশ করতে হবে।
- ১.৪ প্রত্যেক পরীক্ষার্থী স্বীয় এন্ট্রি ফরমের নির্ধারিত পংতিতে তার রেজিস্ট্রেশন নম্বর ও সেশন লিপিবদ্ধ করতে হবে। লেখার উপর পুনঃলিখন (ওভার রাইটিং) সর্বতোভাবে পরিতাজ্য।

### ২। পরীক্ষার ফি সমূহের হারঃ

#### (ক) ১ম পর্ব নিয়মিতঃ

১	পরীক্ষার ফি	৪০০.০০
২	১ম পর্বের অকৃতকার্য বিষয় (যদি থাকে)	প্রতি বিষয় X ১০০.০০
৩	কেন্দ্র ফি	৪৫০.০০
৪	২য় পর্বের নম্বরপত্র ফি	৭৫.০০
৫	১ম পর্বের নম্বরপত্র ফি (যদি অকৃতকার্য বিষয় থাকে)	৭৫.০০
৬	ব্যবহারিক পরীক্ষা ফি	প্রতি বিষয় X ২৫.০০
৭	সনদপত্র ফি	১০০.০০

### ৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফি প্রেরণের নিয়মাবলিঃ

- ৩.১ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।
- ৩.২ অসম্পূর্ণ বা ভুল তথ্যবিশিষ্ট এন্ট্রি ফরম বা নির্ধারিত ফি ব্যতীত এন্ট্রি ফরম সরাসরি নাকচ করা হবে এবং তজ্জন্য অত্র অফিস দায়ী থাকবে না।
- ৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ অফিসের স্মারক নং-বাকাশিবো(প)-৯৬৫(২৩) তারিখঃ ১৪/১১/১৯৭৩ খ্রিঃ এর মারফত প্রকাশিত এবং অত্র অফিসের স্মারক নং-বাকাশিবো(প)-৮২২(৩১) তারিখঃ ১৫/১১/১৯৮৩ খ্রিঃ মারফত পরিবর্তিত পদ্ধতি অনুসারে পরীক্ষা সমাপ্তির পর পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পারিশ্রমিক পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩.৪ পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও অন্যান্য ফি বাবদ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট সংগ্রহ করে এন্ট্রি ফরমের সাথে প্রেরণ করতে হবে। ড্রাফট সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।
- ৩.৫ নগদ টাকা, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।
- ৩.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদেয় কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

চলমান পাতা-২

- ৩.৭ অত্র অফিসে প্রেরণের পূর্বে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে সাজিয়ে দিতে হবে। এতে কোন ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়।
- ৩.৮ পরীক্ষার্থীর প্রতিটি ফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অবশ্যই স্বাক্ষর ও সীল মোহর প্রদান করবেন। নিম্ন বর্ণিত ছক অনুযায়ী সকল পরীক্ষার্থীর প্রযুক্তিবিদ্যা ভিত্তিক বিবরণের একত্রিত তালিকা এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করতে হবে।

ক্র: নং	পরীক্ষার্থীদের নাম	যে যে বিষয় পরীক্ষা দিবে তার নাম	পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	রেফার্ড বিষয়ের ফি	পরীক্ষার বিলম্ব ফি	মোট ফি	পূর্ববর্তী পরীক্ষার রোল নম্বর ও সন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

- ৩.৯ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, এন্ট্রি ফরম বোর্ডে জমা/গ্রহণের তারিখ	নির্ধারিত তারিখের (২৭/০৮/১৬) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ৩১/০৮/১৬ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
২৪/০৮/২০১৬	২৬/০৮/২০১৬	২৭/০৮/২০১৬		০৭/০৯/২০১৬

- ৩.১০ পরীক্ষার প্রিন্টাউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রম সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।
- ৩.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

#### ৪। অন্যান্য শর্তাবলীঃ

- ৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসহ ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং (চিঠিতে) এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে [ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং (চিঠিতে) এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়]।
- ৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্টাউট কপি/এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্ভিন্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও ফি এর অর্থ ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয়।
- ৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করা সর্বোত্তম।
- ৪.৪ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার খাতা গ্রহণের সময় পূর্বের খাতা সমন্বয় করে গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।
- ৪.৫ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।
- ৪.৬ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং- বাকাশিবো/স-২/৫৮৪ (পার্ট-২) / ২৪০২

তারিখ: ৩১-০৭-২০১৬ খ্রি:

#### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলঃ

- ১/ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২/ অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ৩-৬/ সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭-৮/ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ)/গোপনীয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯-১১/ উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২/ সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (নোটিশটি Website এ প্রকাশের ব্যবস্থা করার অনুরোধসহ)।
- ১৩/ ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৪/ প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৫/ মাননীয় চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৬/ নথি

  
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোনঃ ০২-৯১১৮৭৭৬